গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
(রাজস্ব শাখা)
www.sunamganj.gov.bd

স্মারক নং-০৫.৪৬.৯০০০.০০৮.০১.৩৯৬.২৫-৫২৮

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩৩ / ১৪ মে ২০২৬

**ভূমিসেবা সহায়তা কেন্দ্র (LSFC) স্থাপনের অনুমতি প্রাপ্তির আবেদন দাখিলের জন্য বিজ্ঞপ্তি**

এতদ্বারা নিম্নে বর্ণিত যোগ্যতা সম্পন্ন ব্যক্তি ও ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে নাগরিকদের জনবান্ধব ভূমিসেবা সহায়তা প্রদানে অনুমতিপত্র প্রাপ্তির জন্য আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে। জেলা প্রশাসন, সুনামগঞ্জ এর ওয়েবসাইট (www.sunamganj.gov.bd) এর নোটিশ বোর্ড এবং জেলা প্রশাসন, সুনামগঞ্জ ফেসবুক পেজ হতে প্রাপ্ত আবেদনপত্র ডাউনলোডপূর্বক কম্পিউটার কম্পোজকৃত আবেদনপত্র এবং এর সাথে চাহিত অন্যান্য তথ্যাদির পিডিএফ কপি নিম্নোক্ত ইমেইল (rdcsunamganj@gmail.com) ঠিকানায় প্রেরণ করে আগামী১৪/০৫/২০২৬ তারিখ হতে ০২/০৬/২০২৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসকের কার্যালয় (রাজস্ব) শাখায় এবং উপজেলা ভূমি অফিসসমূহে আবেদনপত্র দাখিল করা যাবে। নির্ধারিত তারিখের পর অথবা হার্ড কপিতে প্রাপ্ত কোনো আবেদন গ্রহণ করা হবে না।

**আবেদনকারীর যোগ্যতা:**

১. ন্যূনতম কম্পিউটার/মোবাইল অ্যাপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং, ডেটা নিরাপত্তা বিষয়ে জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে। তবে কম্পিউটার সংশ্লিষ্ট বিষয়ে সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা বা স্নাতক ডিগ্রিধারীদের অথবা সরকারি অন্যান্য দপ্তরের অনুরূপ সেবাদানকারী প্রতিষ্ঠান পরিচালনাকারীদের অগ্রাধিকার দেওয়া হবে।

২. কেন্দ্রের মোট সহায়তাকারীদের ন্যূনতম এক-তৃতীয়াংশ নারী হতে হবে। তবে অনুচ্ছেদ ১-এ বর্ণিত যোগ্যতাসম্পন্ন নারী সহায়তাকারী না পাওয়া গেলে এ শর্ত শিথিলযোগ্য হবে।

৩. এই নির্দেশিকার অধীনে নিজ ব্যয়ে Land Services Facilitating Centre (LSFC) স্থাপন ও পরিচালনার আর্থিক ও জনবলগত সক্ষমতা থাকতে হবে।

৪. নিজস্ব ভূমি বা চুক্তিমূলে ন্যূনতম ২ (দুই) বছর মেয়াদে এলএসএফসি স্থাপনের জন্য অন্যূন মোট ৮০ (আশি) বর্গফুট মেঝে বিশিষ্ট স্থাপনা প্রয়োজন হবে।

৫. কম্পিউটার/মোবাইল অ্যাপ্লিকেশন সফটওয়্যার ও ইন্টারনেট ব্রাউজিং বিষয়ে জ্ঞানসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার কর্মী নিয়োজিত করতে হবে এবং এ ক্ষেত্রে যোগ্যতাসম্পন্ন নারী কম্পিউটার কর্মী নিয়োগে অগ্রাধিকার দিতে হবে।

৬. সহায়তাকারী ও তার নিয়োজিত কম্পিউটার কর্মীগণ কোনোভাবেই ফৌজদারি অপরাধে চার্জশিটভুক্ত হবেন না।

৭. সহায়তাকারীকে সকল ব্যাংকের মোবাইল ব্যাংকিং বা মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের হিসাবভুক্ত হতে হবে।

৮. এলাকাভেদে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স থাকতে হবে।

৯. কেন্দ্রে বিদ্যুৎ সংযোগ, ন্যূনতম ১০ এমবিপিএস গতিসম্পন্ন ইন্টারনেট সংযোগ এবং বিকল্প বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা থাকতে হবে।

১০. সহায়তাকারীর নিজ নামে ও নিজ এনআইডির আওতায় প্রয়োজনীয় সংখ্যক মোবাইল সিম থাকতে হবে।

১১. সরকার অনুমোদিত ডিজিটাল তথ্য নিরাপত্তা সংশ্লিষ্ট বিধি-বিধানের অধীনে নাগরিকের উপাত্ত (data) সুরক্ষায় সক্ষমতা থাকতে হবে।

১২. আবেদনকারীকে আবেদনের সাথে উল্লিখিত সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে।

১৩.কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে ভূমিসেবা সহায়তা কেন্দ্র (LSFC) স্থাপনের কার্যক্রম বাতিল/স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪. অনুমতিপত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে নির্বাচিত সহায়তাকারী জেলা প্রশাসকের সাথে নির্ধারিত ফরমে একটি চুক্তিপত্র স্বাক্ষর করবেন। চুক্তি স্বাক্ষরের পূর্বে নির্বাচিত সহায়তাকারী কর্তৃক ইউনিয়ন ও উপজেলা সদরের জন্য ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা ফেরতযোগ্য জামানত প্রদান করতে হবে।

১৫. অনুমতিপত্রের মেয়াদ কর্তৃপক্ষের স্বাক্ষরের তারিখ হতে ০২ (দুই) বছর মেয়াদী হবে। তবে জেলা প্রশাসক মেয়াদপূর্তির পূর্বে কারণ উল্লেখপূর্বক যে কোনো সময় অনুমতিপত্র বাতিল করতে পারবেন।

১৬. ভূমি সহায়তা কেন্দ্রের (LSFC) অনুমতি, অনুমতিপত্রের মেয়াদ ও অবসায়ন, আবেদন ফি ও নবায়ন ফি, সহায়তাকারীর সেবা প্রদান ফি প্রভৃতি "ভূমিসেবা সহায়তা নির্দেশিকা, ২০২৫" অনুযায়ী প্রতিপালিত হবে।

১৪/০৫/২০২৬

(মোহাম্মদ মিনহাজুর রহমান)
জেলা প্রশাসক
সুনামগঞ্জ
ফোন নং-০২৯৯৮৪২৯০০
Email:dcsunamganj@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৬.৯০০০.০০৮.০১.৩৯৬.২৫-৫২৮/১(৩৪) তারিখ : ১৪ মে ২০২৬।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, সিলেট
০৪। উপ- পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ
০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক/শিক্ষা ও আইসিটি) ও অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সুনামগঞ্জ
০৬। উপজেলা নির্বাহী অফিসার, সুমগঞ্জ (সকল) [ওয়েব পোর্টাল ও নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থাকরণ]
০৭। সহকারী কমিশনার (ভুমি), সুনামগঞ্জ (সকল) [ওয়েব পোর্টাল ও নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থাকরণ]
০৮। রেভিনিউ ডেপুটি কালেক্টর, সুনামগঞ্জ
০৯। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ (বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রদর্শনের ব্যবস্থাকরণ)
১০। অফিস কপি।

১৪/০৫/২০২৬
জেলা প্রশাসক
সুনামগঞ্জ